# জামায়াত সরকার গঠন করলে বিষ খাবো: ফজলুর রহমান



সংগৃহীত ছবি

কিশোরগঞ্জ-৪ আসনে বিএনপির প্রার্থী অ্যাডভোকেট ফজলুর রহমান সতর্ক করে বলেছেন, “ইটনা-মিঠামইন-অষ্টগ্রামে যদি রাজাকারেরা (জামায়াত) নির্বাচনে জিতবে এবং সরকার গঠন করবে, আমি বিষ খাবো।”

শুক্রবার (২১ নভেম্বর) রাতে ইটনা সদর ইউনিয়নের ২নং ওয়ার্ডে বিএনপি আয়োজিত কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। ফজলুর রহমান আরও বলেন, “মুক্তিযুদ্ধের পক্ষে কেউ হাত তোলেনি, রাজাকারের পক্ষে কেউ হাত তোলে না। তারপরও তারা নির্বাচন করে সরকার গঠন করতে চায়। এরা মুনাফেক, বেইমান এবং অকৃতজ্ঞ। যাদের দিয়েই বেঁচে আছে, তারা আবারেরই বিরুদ্ধে উঠে।”

সমাবেশে উপস্থিত ছিলেন ফজলুর রহমানের স্ত্রী উম্মে কুলসুম রেখা, ইটনা উপজেলা বিএনপির সভাপতি এস এম কালাম হোসেন, সাধারণ সম্পাদক সিদ্দিকুর জামান ঠাকুর প্রমুখ।

LENS ASIA